

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
সরকারি কলেজ-০৩
www.shed.gov.bd

স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৮.১৩.০১.২০২২.৪৭৫

তারিখ: ১২ আশ্বিন ১৪২৯
২৭ সেপ্টেম্বর ২০২২

বিষয় : মরহুম মোহাম্মদ ফজলুল হক (৬১৫৩) এর পারিবারিক পেনশন ও আনুতোষিক মঞ্জুরি।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে মরহুম মোহাম্মদ ফজলুল হক (৬১৫৩), প্রাক্তন অধ্যক্ষ (অধ্যাপক, ব্যবস্থাপনা), আযম খান সরকারি কমার্স কলেজ, খুলনা এর স্ত্রী জনাব সালমা পারভীন এর অনুকূলে ০১/০২/২০১৬ তারিখ হতে মাসিক ২৫,৩১২.৫০/- টাকার পরিবর্তে ২৬,৩২৫/- টাকা হারে পেনশন নির্ধারণ করে এককালীন আনুতোষিক বাবদ প্রাপ্য ৬০,৫৪,৭৫০/- টাকা হতে পূর্বে গৃহীত ৫৮,২১,৮৭৫/- টাকা বাদে (৬০,৫৪,৭৫০- ৫৮,২১,৮৭৫/-) = ২,৩২,৮৭৫/- (দুই লক্ষ বত্রিশ হাজার আটশত পঁচাত্তর টাকা) মাত্র মঞ্জুর করা হলো। তিনি উক্ত অর্থ ট্রাস্ট ব্যাংক লিমিটেড, খুলনা শাখা, খুলনা থেকে উত্তোলন করবেন। উল্লেখ্য, সরকারের রাজস্ব খাত হতে এ অর্থ ব্যয় হবে এবং এ বাবদ কোনক্রমে প্রাপ্য পেনশন ভাতা অপেক্ষা বেশী অর্থ দাবী/মঞ্জুর করা হয়ে থাকলে চাহিবামাত্র তিনি তা ফেরৎ দিতে বাধ্য থাকবেন।

০২। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।

০৩। পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে এতৎসঙ্গে সংশ্লিষ্ট কাগজপত্র প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

স্বাঃ
(মোহাম্মদ আবু নাসের বেগ)
উপসচিব
ফোন: ২২২৩৩৫৪২৬৫

বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক,
বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের
কার্যালয়, খুলনা।

স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৮.১৩.০১.২০২২.৪৭৫/১(৫)

তারিখ: ১২ আশ্বিন ১৪২৯
২৭ সেপ্টেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। অধ্যক্ষ, আযম খান সরকারি কমার্স কলেজ, খুলনা।
- ৪। ম্যানেজার, ট্রাস্ট ব্যাংক লিমিটেড, খুলনা শাখা, খুলনা।
- ৫। জনাব সালমা পারভীন, স্বামী মরহুম মোহাম্মদ ফজলুল হক (৬১৫৩), প্রাক্তন অধ্যক্ষ (অধ্যাপক, ব্যবস্থাপনা), আযম খান সরকারি কমার্স কলেজ, খুলনা।

(মোহাম্মদ আবু নাসের বেগ)
উপসচিব